

২০

আনন্দ-গান উঠুক তবে বাজি'

এবার আমার ব্যথার বাঁশিতে ।
অশ্রুজলের ঢেউয়ের পরে আজি
পারের তরী থাকুক ভাসিতে ।

যাবার হাওয়া ঐ যে উঠেচে,—ওগো
ঐ যে উঠেচে,
সারারাত্রি চক্ষে আমার
বুম যে ছুটেচে ।

হৃদয় আমার উঠে তুলে তুলে
অকূল জলের অটুহাসিতে,
কে গো তুমি দাও দেখি তান তুলে
এবার আমার ব্যথার বাঁশিতে ।

হে অজানা, অজানা সুর নব
বাজাও আমার ব্যথার বাঁশিতে,
হঠাৎ এবার উজান হাওয়ায় ভব
পারের তরী থাক না ভাসিতে ।

বলাকা

কোনো কালে হয়নি যারে দেখা—ওগো
তারি বিরহে
এমন করে' ডাক দিয়েচে,
ঘরে কে রহে ?

বাসার আশা গিয়েচে মোর ঘুরে,
ঝাঁপ দিয়েচি আকাশরাশিতে ,
পাগল, তোমার সৃষ্টিছাড়া সুরে
তান দিয়ে মোর বাপার বাঁশিতে ।

২৯ পৌষ, ১৩২১

রেলগাড়ি